কাবুলে জোড়া বিস্ফোরণ: হামলার দায় স্বীকার করল আইএস

চেম্বার ডেস্ক:: আফগানিস্তানের রাজধানী কাবুলে হামিদ কারজাই আন্তর্জাতিক বিমানবন্দরের বাইরে জোড়া আত্মঘাতী বোমা হামলার দায় স্বীকার করেছে আন্তর্জাতিক জঙ্গি গোষ্ঠী ইসলামিক স্টেট (আইএস)।

বৃহস্পতিবারের ভয়াবহ ওই হামলায় এখন পর্যন্ত অন্তত ১৩ মার্কিন সেনাসহ ৯০ জন মানুষ নিহত হয়েছেন। আহত হয়েছেন ১৪০ জনের বেশি। হতাহতদের মধ্যে বেসামরিক আফগান নারী ও শিশুও রয়েছেন।

কাবুল বিমানবন্দরে বোমা হামলার দায় স্বীকার করে বৃহস্পতিবার রাতে আইএস তাদের নিজস্ব বার্তা সংস্থা আমাকের মাধ্যমে বিষয়টি জানায়। পাশাপাশি তারা ওই আত্মঘাতীর ছবিও প্রকাশ করে। আন্তর্জাতিক বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদনে আইএস-এর বার্তা সংস্থার বরাত দিয়ে এসব তথ্য জানানো হয়।

মূলত আইএস এর সহযোগী সংস্থা ইসলামিক স্টেট খোরাশান (আইএসআইএস-কে) এই হামলা চালিয়েছে। যারা এর আগে মার্কিন সেনাবাহিনীর বিরুদ্ধে সিরিয়া ও ইরাকে যুদ্ধ করেছে।

হামলার দায় স্বীকার করে আইএস জানায়, তাদের আত্মঘাতী হামলকারী মার্কিন অনুবাদক ও সহযোগীদের ভীড়ের মধ্যে যেতে সক্ষম হয়। কাবুল বিমানবন্দরের ব্যারক ক্যাম্পের পাশে গিয়ে সে তার আত্মঘাতী হামলাটি চালায়।

অবশ্য ‘আইএসআইএস-কে’ তালেবানেরও পুরনো শত্রু। তারা দেশের বর্তমান অরাজক পরিস্থিতির সুযোগ নিয়ে এই হামলা চালিয়েছে।

এদিকে প্রত্যক্ষদর্শী এক ব্যক্তি রয়টার্সকে বলেন, ‘এক মুহূর্তের জন্য আমি ভাবলাম আমার কানের পর্দা ফেটে গেছে। শ্রবণশক্তি হারিয়ে ফেলেছি। ঝড়ের মতো পলিথিনের ব্যাগগুলো উড়তে থাকে। মানুষের লাশ এবং শরীরের অংশ বাতাসে ভাসতে দেখেছি। মৃতদেহ, শরীরের অঙ্গ, বৃদ্ধ এবং আহত নারী-পুরুষ ও শিশুদের ছড়িয়ে ছিটিয়ে পড়ে থাকতে দেখেছি।’